

# আমার অধিকারগুলি কী কী?

## সকল সুবিধা এবং সেবা লাভের আবেদন করার অধিকার

আপনি কি সরকারি সহায়তা (Public Assistance, PA), সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP), গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP), শিশু পরিচর্যা এবং/অথবা মেডিকেইড পাওয়ার যোগ্য কিনা তা জানতে আপনি আপনার সোশ্যাল সার্ভিস অফিসে আবেদন করতে পারেন অথবা অনলাইনে [myBenefits.ny.gov](http://myBenefits.ny.gov) ঠিকানায় আবেদন করতে পারেন। যদি আপনি নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর একটিতে বসবাস করেন, তাহলে আপনি আপনার স্থানীয় বেনিফিট অ্যাক্সেস সেন্টারে বা অনলাইনে [www.nyc.gov/accesshra](http://www.nyc.gov/accesshra) ওয়েবসাইটে আবেদন করতে পারেন।

## জরুরি সরকারি সহায়তার জন্য আবেদন করার অধিকার

আপনি যদি PA ইতোমধ্যেই পেয়ে থাকেন এবং একটি জরুরি অবস্থা হয় তাহলে তখনই আপনার কেস ওয়ার্কারকে বলুন। আপনি যদি PA না পেয়ে থাকেন তাহলে একটি আবেদন পূরণ করুন এবং একজন কর্মীকে বলুন যে আপনার একটি জরুরি অবস্থা রয়েছে। একই দিনে আপনার জরুরি অবস্থা সম্পর্কে আপনার সাক্ষাৎকার নেওয়া হবে।

## পারিবারিক সহিংসতার শিকার হলে স্কিনিং এবং বিশেষ সেবা লাভের অধিকার

বিনামূল্যে সেবা সবার জন্য উপলভ্য, তাদের সন্তান থাকুক বা না থাকুক, যাতে তাদের পরিবারের কোন সদস্য বা গৃহস্থালির বর্তমান বা প্রাক্তন কোন সদস্যের হাত থেকে শারীরিক বা মানসিক অত্যাচার বা শারীরিক বা মানসিক অত্যাচারের হুমকি থেকে রক্ষায় সাহায্য করা যায়। এই সেবাগুলি লাভ করার জন্য আয়ের কোনও সীমা নেই।

আপনি সেবা সম্পর্কে তথ্যের জন্য বিনামূল্যে 24-ঘণ্টার হটলাইনে কল করতে পারেন যার মধ্যে জরুরি আশ্রয়, সহায়ক গোষ্ঠী এবং কাউন্সেলিংয়ের তথ্য অন্তর্ভুক্ত। এই পরিষেবাগুলি আপনাকে এবং আপনার শিশুদের নিরাপদ রাখতে সহায়তা করবে। আপনার স্থানীয় পারিবারিক সহিংসতা সেবা প্রদানকারীদের তথ্য পেতে এবং সেখানে রেফারেল পেতে:

নিউ ইয়র্ক সিটিতে কল করুন 1-800-621-HOPE (1-800-621-4673)-এ।

নিউ ইয়র্ক স্টেটের অন্য যে কোনো অঞ্চলে NYS গার্ডিয়ান সহিংসতার হটলাইনে

1-800-942-6906 নম্বরে ফোন করুন, 844-997-2121 নম্বরে টেক্সট করুন অথবা এখানে চ্যাট করুন:

<https://opdv.ny.gov>।

আপনি যদি একটি অনিরাপদ বাড়িতে থাকেন, তাহলে আপনি PA প্রোগ্রামের কিছু প্রয়োজনীয়তা পূরণের ক্ষেত্রে ওয়েভার পাওয়ার যোগ্য হতে পারেন। এই ওয়েভার কিভাবে পাওয়া যাবে সে সম্পর্কে আরও তথ্য পেতে পারিবারিক সহিংসতা লিয়াজোর (Domestic Violence Liaison, DVL) সাথে দেখা করার কথা জিজ্ঞাসা করুন।

## শিশু পরিচর্যার সম্পর্কে প্রশ্ন করার অধিকার

শিশু পরিচর্যা সহায়তা (Child Care Assistance) একজন পতিভাবক/পরিচর্যাকারী যাদের কাজে থাকা অবস্থায়, চাকরি খোঁজা অবস্থায়, শিক্ষা বা প্রশিক্ষণে অংশ নেওয়ার সময় এবং অন্যান্য নির্দিষ্ট পরিস্থিতিতে শিশু পরিচর্যার প্রয়োজন তাদের শিশু পরিচর্যার খরচ আংশিক বা সম্পূর্ণরূপে দেওয়ার মাধ্যমে সাহায্য করে।

আপনি আপনার স্থানীয় ডিসট্রিক্টে ফোন করে বা গিয়ে এবং একটি আবেদনের প্যাকেজ চাইতে পারেন। আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে থাকেন এবং PA-তে থাকেন বা PA-এর জন্য আবেদন করেন তাহলে আপনার স্থানীয় বেনিফিটস অ্যাক্সেস কেন্দ্রে কল করুন বা যান। আপনি যদি কেবল শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করছেন, তাহলে 311 এ নিউ ইয়র্ক সিটি তথ্য হেল্পলাইনে কল করুন।

## বিনামূল্যে ভাষা সেবা লাভের অধিকার

সুবিধা এবং সেবা প্রোগ্রামগুলির জন্য বিনামূল্যে ভাষা সেবা সহায়তা উপলভ্য আছে।

## লিখিত নোটিশ লাভের অধিকার

যদি ডিসট্রিক্ট এই সিদ্ধান্তে উপনিত হয় যে আপনি যে প্রোগ্রাম এবং সুবিধার জন্য আবেদন করেছেন তা পাওয়ার জন্য আপনি যোগ্য নন, সিদ্ধান্ত নেয় যে আপনার সুবিধা কমিয়ে দেওয়া উচিত, বা আপনার কেস বন্ধ করে দেওয়া উচিত, তাহলে আপনাকে আপনার আবেদন এবং/অথবা আপনার গৃহস্থালির প্রাপ্ত সুবিধার পরিবর্তন সম্পর্কে জানিয়ে একটি চিঠি দেওয়া হবে।

## ন্যায্য শুনানির অধিকার

আপনার PA, SNAP, HEAP, মেডিকেইড, শিশু পরিচর্যা সহায়তা সুবিধাদি অস্বীকার করা হলে, আপনার সুবিধাদি বন্ধ করা হলে, স্থগিত করা বা কমানো হলে অথবা সোশ্যাল সার্ভিস ডিসট্রিক্টের নেওয়া সিদ্ধান্তের সাথে আপনি সম্মত না হলে আপনার কাছে একটি ন্যায্য শুনানির (Fair Hearing) অধিকার আছে।

LDSS-5208-BE (Rev. 10/23)

